# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 11-10-2025** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে এক মেডিকেল ছাত্রীকে গণধর্ষণের অভিযোগকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্য। বিভিন্ন চিকিৎসক সংগঠন ও বিরোধী দলগুলি এই নক্কারজনক ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়েছে।

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এই ঘটনায় ফের একবার রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে প্রশ্ন তুলেছেন।

ঘটনাটিকে দুর্ভাগ্যজনক বলে উল্লেখ করে এর তীব্র নিন্দা করেছেন ওড়িশার মুখ্যমন্ত্রী মোহনচরণ মাঝি।

কলেজ কর্তৃপক্ষের কাছে রিপোর্ট তলব রাজ্য স্বাস্থ্য শিক্ষা দফতরের।

কলকাতার বন্দর এলাকার নাদিয়ালেও গতরাতে বিশেষভাবে সক্ষম এক মহিলাকে ধর্ষণের অভিযোগ উঠেছে।

২) রাজ্যের বিভিন্ন জেলায় নির্বাচনী নিবন্ধন আধিকারিক ERO নিয়োগ নিয়ে অনিয়মের অভিযোগ ওঠায় নির্বাচন কমিশন রাজ্য সরকারকে চিঠি দিয়েছে।

নির্বাচন কমিশন এবার পর্দানশীন বা বোরখা পরিহিত মহিলা ভোটারদের জন্য ভোটকেন্দ্রে বিশেষ ব্যবস্থা রাখছে।

৩) কাশ্মীরে জঙ্গি দমনে গিয়ে প্রাকৃতিক বিপর্যয়ে নিহত স্পেশাল ফোর্সের জওয়ান ল্যান্সনায়েক সুজয় ঘোষ এবং প্যারা কমান্ডো পলাশ ঘোষের দেহ আজ তাদের পৈত্রিক বাড়িতে নিয়ে যাওয়া হয়েছে।

৪) রাজ্য থেকে বর্ষা আগামী দুই থেকে তিন দিনের মধ্যে পুরোপুরি বিদায় নেবার কথা জানা গেলেও বজ্রগর্ভ মেঘ তৈরি হয়ে কোথাও কোথাও ভারী বৃষ্টির সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে এক মেডিকেল ছাত্রীকে গণ ধর্ষণের অভিযোগে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। ওড়িশার জলেশ্বরের বাসিন্দা, বেসরকারী মেডিকেল কলেজের দ্বিতীয় বর্ষের ওই ছাত্রী গতরাতে সহপাঠীর সঙ্গে খাবার কেনার জন্য কলেজের বাইরে গিয়েছিলেন। সে সময় কয়েকজন দুষ্কৃতি তাকে নির্জন জায়গায় নিয়ে গিয়ে গণধর্ষণ করে বলে অভিযোগ। পুলিশ নির্যাতিতাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেছে। ইতিমধ্যেই রেকর্ড করা হয়েছে তাঁর বয়ান। ওই পড়ুয়ার সঙ্গীকে আটক করে পুলিশ জিজ্ঞাসাবাদ করছে। নির্যাতিতার বাবা এই ঘটনায় কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়েছেন। তার অভিযোগ কলেজের নিরাপত্তা বলে কিছু নেই। এব্যাপারে যথেষ্ট সহযোগিতাও মিলছে না ।

(বাইট – বাবা)

ঘটনার পরপরই ক্ষোভে ফেটে পড়ে কলেজের পড়ুয়ারা। তারা নিরাপত্তার দাবিতে বিক্ষোভ অবস্থানে বসেন। ঘেরাও করে রাখা হয় কলেজের অধ্যক্ষকে।

দুর্গাপুর থেকে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – তনুশ্রী)

পড়ুয়াদের পাশাপাশি বাম কর্মী সমর্থকরা কলেজে বিক্ষোভ দেখান। সিপিআইএম-এর কর্মীরা কলেজ চত্ত্বরে ঢাকতে গেলে নিরাপত্তরক্ষীদের সঙ্গে তাদের ধস্তাধস্তি বাধে। তৈরি হয় উত্তেজনা। সেখানে উপস্থিত হয়ে সিপিআইএম নেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায় বলেন, রাজ্যে পড়ুয়াদের নিরাপত্তা বলে কিছু নেই।

(বাইট – মীনাক্ষী)

বিধায়ক লক্ষ্মণ ঘোড়ই-এর নেতৃত্বে বিজেপি এবং এবিভিপি কর্মী সমর্থকরা কলেজ চত্ত্বরে বিক্ষোভে সামিল হন।

জাতীয় মহিলা কমিশনের প্রতিনিধি ডাক্তার অর্চনা মজুমদার দুর্গাপুরে পৌঁছেছেন। অপরাধীদের শাস্তি হয় না বলে রাজ্যে নারীদের ওপর অপরাধ বাড়ছে বলে তিনি মন্তব্য করেন।

(বাইট – অর্চনা)

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এই ঘটনায় ফের একবার রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে প্রশ্ন তুলেছেন।

(বাইট – সুকান্ত)

রাজ্য স্বাস্থ্য শিক্ষা দফতর কলেজ কর্তৃপক্ষের কাছে এই ঘটনার রিপোর্ট তলব করেছে বলে খবর।

এদিকে, আর জি করের পিজিটি তরুণী চিকিৎসকের ধর্ষণ ও মৃত্যুর পর ফের একবার ডাক্তারি পড়ুয়ার ওপর অত্যাচারের ঘটনায় সরব হয়েছেন চিকিৎসক মহল থেকে সাধারণ মানুষ।

ডাক্তারদের সংগঠন সার্ভিস ডক্টর্স ফোরামের সাধারণ সম্পাদক সজল বিশ্বাস বলেন, রাজ্যে একের এক ভয়াবহ ঘটনা ঘটছে। অপরাধীদের অবিলম্বে গ্রেফতারের দাবি জানিয়েছেন তারা।

অ্যাসোসিয়েশন অফ হেল্থ সার্ভিস ডক্টর্স এই ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছে।

জুনিয়ার ডাক্তারদের সংগঠন WBJDA – এই ঘটনার তীব্র নিন্দা করেছে। অভিযুক্তদের সকলকে অবিলম্বে গ্রেফতার, দ্রুত বিচার, নির্যাতিতার চিকিৎসার দাবিও জানিয়েছে তারা।

ওয়েস্টবেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্টের সদস্য ডাক্তার অনিকেত মাহাতো বলেন, রাজ্যে দোষীদের বিরুদ্ধে সরকার এবং প্রশাসন কোন ব্যবস্থা নেয় না। এরফলে যাখুশি করার স্বাধীনতা পাচ্ছে অপরাধীরা।

ঘটনার প্রতিবাদে বিজেপি কর্মী সমর্থকরা রাজ্যের বিভিন্ন প্রান্তে বিক্ষোভ দেখাচ্ছেন। আসানসোলে রাস্তা অবরোধ করে টায়ার জ্বালিয়ে বিক্ষোভে সামিল হয়েছেন বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পাল।

oooooooooooooooooooooo

কলকাতার বন্দর এলাকার নাদিয়ালে গতরাতে বিশেষভাবে সক্ষম মহিলাকে ধর্ষণের অভিযোগ উঠেছে এলাকার এক ব্যক্তির বিরুদ্ধে। মহঃ ইয়াসিন নামে ঐ ব্যক্তিকে আয়ুব নগরের

বাগদী পাড়া থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। নির্যাতিতার ডাক্তারি পরীক্ষার ব্যাবস্থা করা হয়েছে। অভিযুক্তকে আজই হেফাজতে চেয়ে আদালতে তোলা হচ্ছে।

oooooooooooooooooooooo

রাজ্যে একের পর এক ধর্ষণের ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিবৃতির দাবি জানিয়েছেন, বিরোধী দল নেতা শুভেন্দু অধিকারী। দুর্গাপুরের ঘটনা নিয়ে মুখ্যমন্ত্রীর কড়া সমালোচনা করে তিনি বলেন, ডিভিসির জল ছাড়া নিয়ে লাগাতার বিবৃতি দিলেও কসবা, দুর্গাপুরে নারী নির্যাতনের মতো ঘটনায় তিনি নিশ্চুপ।

পাশাপাশি জলপাইগুড়ির রাজগঞ্জের বানিয়াপুর এলাকায় নাবালিকার ধর্ষণের ঘটনায় অভিযুক্তের ফাঁসির সাজা হলেও তা এখনও কার্যকর হয়নি কেন, সেই প্রশ্ন তুলেছেন শুভেন্দুবাবু।

ওড়িশার ওই ডাক্তারি পড়ুয়ার ওপর নির্যাতনের নিন্দা করেছেন ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি।

oooooooooooooooooooooo

উত্তরবঙ্গের ৫ জেলায় সাম্প্রতিক দুর্যোগে ১২ হাজার ৬২টি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে রাজ্য সরকারের কাছে প্রাথমিক রিপোর্ট জমা পড়েছে। দার্জিলিং, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার ও কালিম্পং- এই ৫ জেলায় ৬ হাজার ৫টি  সম্পূর্ণ ও পাঁচ হাজার ছিয়াশিটি বাড়ি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। জেলা প্রশাসনের পক্ষ থেকে নবান্নে এই মর্মে রিপোর্ট জমা দেওয়া হয়েছে। সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত বাড়িগুলি নতুন করে তৈরির জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে এক লক্ষ কুড়ি হাজার টাকা সহায়তা দানের সিদ্ধান্ত হয়েছে।

এদিকে, দুর্যোগ কবলিত এলাকায় পুনর্গঠন ও মেরামতির কাজ খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সোমবার আবারও উত্তরবঙ্গে যাচ্ছেন।

oooooooooooooooooooooo

**নাগরাকাটায় ত্রাণ বন্টন করতে গিয়ে আহত হলেও ফের সেখানে আজ ত্রাণ দিতে পৌঁছে যান বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ। ওই ব্লকের বন্যা দুর্গত এলাকায় ক্ষতিগ্রস্ত প্রায় ৫-শোটি পরিবারের হাতে প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী পৌঁছে দেওয়া হয়েছে। তাঁর সঙ্গে ছিলেন নাগরাকাটার বিধায়ক পুনম ভেঙরা। তৃণমূল কংগ্রেস, ত্রাণ দিতে যাওয়া অন্য দলের লোকেদের ওপর আক্রমণ চালাচ্ছে বলে অভিযোগ করেন শঙ্করবাবু।**

**উল্লেখ্য, নাগরাকাটার বামুন ডাঙা এলাকায় ত্রাণ দিতে গিয়ে হামলার মুখে পড়েন,**

শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ এবং মালদা উত্তরের সাংসদ খগেন মুর্মু।

oooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন জেলায় নির্বাচনী নিবন্ধন আধিকারিক ERO নিয়োগ নিয়ে অনিয়মের অভিযোগ ওঠায় নির্বাচন কমিশন রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। কমিশনের তরফে মুখ্যসচিব মনোজ পন্থ্ কে চিঠি লিখে রিপোর্ট তলব করা হয়েছে বলে নবান্ন সূত্রে খবর।

এইদিকে কমিশনের চিঠির প্রেক্ষিতে মুখ্যসচিব সব জেলা নির্বাচনী আধিকারিক বা জেলাশাসকদের চিঠি পাঠিয়ে এই নিয়োগের ক্ষেত্রে কোন অনিয়ম হয়েছে কিনা তা জানতে চেয়েছে। সমস্যার দ্রুত সমাধান করে রাজ্যের কাছে রিপোর্ট পাঠানোর কথা বলেছেন বলে জানা গিয়েছে। উল্লেখ্য কমিশনের নির্দেশ কে অমান্য করে সিনিয়র আধিকারিকদের বসিয়ে জুনিয়র আধিকারিকদের ইআরও পদে নিয়োগ করা হয়েছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকালই এক্স হ্যান্ডেলে অভিযোগ করেছিলেন।

oooooooooooooooooooo

নির্বাচন কমিশন এবার পর্দানশীন বা বোরখা পরিহিত মহিলা ভোটারদের জন্য ভোটকেন্দ্রে বিশেষ ব্যবস্থা করার সিদ্ধান্ত নিয়েছে। কমিশন স্পষ্টভাবে জানিয়েছে, এই শ্রেণির মহিলা ভোটারদের সঠিকভাবে সনাক্তকরণের জন্য প্রতিটি ভোটকেন্দ্রে একজন মহিলা নির্বাচন কর্মী বা সহকারীর উপস্থিতি বাধ্যতামূলক করা হবে।

ধর্মীয় আচার ও শালীনতার প্রতি পূর্ণ সম্মান রেখেই এই প্রক্রিয়া সম্পন্ন হবে। এই বিষয়ে নির্বাচন কমিশন একটি আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছে। একই সঙ্গে কমিশন জানিয়েছে, ভোটার আইডি কার্ড (EPIC) ছাড়াও মোট ১২টি বিকল্প পরিচয়পত্র ব্যবহার করেও ভোট দেওয়া যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কাশ্মীরে জঙ্গি দমনে গিয়ে প্রাকৃতিক বিপর্যয়ে নিহত স্পেশাল ফোর্সের জওয়ান ল্যান্সনায়েক সুজয় ঘোষ এবং প্যারা কমান্ডো পলাশ ঘোষের দেহ আজ তাদের পৈত্রিক বাড়িতে নিয়ে যাওয়া হয়েছে। সেখানেই শেষকৃত্য সম্পন্ন হবে। দুপুরের কিছু পর বিশেষ বিমানে দুই সেনা কর্মীর দেহ পশ্চিম বর্ধমানের পানাগড় বিমান ঘাঁটিতে পৌঁছয়।

পীরপাঞ্জল পর্বত শ্রেণীর উঁচু এলাকায় অভিযানে গিয়ে প্রাকৃতিক বিপর্যয়ে দু-জনেই নিখোঁজ হন। পরে তাদের দেহগুলির সন্ধান মেলে।

দুই সেনা জওয়ানের পরিবারকে সব ধরনের সহায়তা করবে বলে জানিয়েছে রাজ্য সরকার। দুই শোকসন্তপ্ত পরিবারকে সমবেদনা জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ এক্স হ্যান্ডেলে পোস্ট করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য থেকে বর্ষা আগামী দুই থেকে তিন দিনের মধ্যে পুরোপুরি বিদায় নেবার কথা জানা গেলেও বজ্রগর্ভ মেঘ তৈরি হয়ে কোথাও কোথাও ভারী বৃষ্টির সম্ভাবনা। আবহবিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন যে আজ দক্ষিণবঙ্গের সব জেলাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা তবে উপকূলীয় জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ একটু বেশি থাকবে। উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি কোচবিহার আলিপুরদুয়ার ও কালিম্পং এ আজ ও আগামীকাল হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে। তবে এরপর থেকে আবহাওয়া ক্রমশ শুষ্ক হতে থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০